



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা-পনি/উমা/ ৯২১

তারিখ: ২২-০৩-২০১৭খ্রি.

বিষয় : ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার প্রবেশপত্র, রোলশিট ও হাজিরাপত্র মুদ্রণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার কেন্দ্রের সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে জানান যাচ্ছে যে, ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশিট ও হাজিরাপত্র যশোর শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.jessoreboard.gov.bd)- এ দেয়া হয়েছে। নিম্নবর্ণিত নিয়মে প্রবেশপত্র, রোলশিট ও হাজিরাপত্র মুদ্রণ করা যাবে।

(ক) রোলশিট ও হাজিরাপত্র (কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য) প্রিন্ট করার নিয়ম :


- ১। যশোর শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.jessoreboard.gov.bd)-থেকে হাজিরাপত্রের ক্ষেত্রে Attendance Sheet menu- তে ক্লিক করতে হবে।
- ২। Center Field থেকে আপনার Center নির্বাচন করুন।
- ৩। EINN Field থেকে আপনার কাজিত EINN নির্বাচন করুন।
- ৪। আপনি যদি নির্দিষ্ট কোন রোল প্রিন্ট করতে চান তাহলে Roll Field এ রোল গুলো কমা (,) ব্যবহার করে লিখুন, রোলের সীমা ধরে প্রিন্ট করতে চান তাহলে ড্যাস(-) ব্যবহার করে সীমা উল্লেখ করুন যেমন-১১৫০৬০-১১৫০৭০)। তবে Roll Field সবার জন্য প্রয়োজন নেই।
- ৫। এবার প্রিন্ট বাটনে ক্লিক করুন।
- ৬। ব্রাউজারে পেজ সেট আপ এবং প্রিন্ট ডায়ালগ থেকে A4 সাইজ পেজ নির্বাচন করুন, উভয় দিক মার্জিন হবে .২৫।

(খ) প্রবেশপত্র(প্রতিষ্ঠান প্রধানের জন্য) প্রিন্ট করার নিয়ম :

- ১। যশোর শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.jessoreboard.gov.bd)-থেকে Admit Card menu- তে ক্লিক করতে হবে।
- ২। EINN & Password দিয়ে Login করতে হবে।
- ৩। বাম পার্শ্বের Admit Card All menu- তে ক্লিক করে All Admit Card এবং Admit Card Partial menu- তে ক্লিক করে Registration Number দিয়ে Partial Admit Card প্রিন্ট করতে হবে।
- ৪। প্রিন্ট করার পূর্বে ব্রাউজারে পেজ সেট আপ এবং প্রিন্ট ডায়ালগ থেকে A4 সাইজ পেজ নির্বাচন করুন, উভয় দিক মার্জিন হবে .২৫।

(গ) কেন্দ্র ফিস জমাদান সংক্রান্ত :

- ১। পরীক্ষা শুরু হওয়ার পূর্বেই ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফিসের টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।


২২/৩/২০১৭

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন-০৪২১-৬৮৬৬৬

মোবাইল- ০১৭৩৩-২২২০০৩

ই-মেইলঃ controller@jessoreboard.gov.bd

প্রাপক:

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র ও প্রতিষ্ঠান প্রধান।